

সুখী দেশের তালিকায় ১১ খাপ পেছালো বাংলাদেশ

- A Monitor Desk Report

Date: 21 March, 2024



বিশ্বের সবচেয়ে সুখী দেশের তালিকায় আবারও শীর্ষস্থান অধিকার করেছে ফিনল্যান্ড। এ নিয়ে পর পর সাত বছর সবচেয়ে সুখী দেশ হওয়ার গৌরব ধরে রাখল উত্তর ইউরোপের দেশটি।

বুধবার (২০ মার্চ) জাতিসংঘের ওয়ার্ল্ড হ্যাপিনেস রিপোর্ট নামে এক বার্ষিক প্রতিবেদনে এই তথ্য উঠে এসেছে। এই তালিকায় গতবছরের মতো এবারও অবস্থান পিছিয়েছে বাংলাদেশের। তালিকায় ১১ খাপ পিছিয়ে বাংলাদেশের অবস্থান ১২৯তম। তালিকায় একেবারে তলানিতে রয়েছে আফগানিস্তান।

জাতিসংঘের পৃষ্ঠপোষকতায় প্রকাশিত এ-সংক্রান্ত জরিপ প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয় ১৪৩টি দেশকে। সুখের পরিমাপক হিসেবে একটি দেশের সামাজিক সুযোগ-সুবিধা, সামাজিক উদারতা, ব্যক্তিগত স্বাধীনতা, মোট দেশজ উৎপাদন-জিডিপি, গড় আয়ু ও দুর্নীতির মতো বিষয়গুলোকে সামনে রাখা হয়।

সুখী দেশের তালিকায় ধারাবাহিকভাবে পেছাচ্ছে বাংলাদেশ। এবার ১২৯তম, ২০২৩ সালে ১১৮তম এবং ২০২২ সালে ৯৪তম অবস্থানে ছিল বাংলাদেশ।

বাংলাদেশের পার্শ্ববর্তী দেশগুলোর মধ্যে নেপাল রয়েছে ৯৩তম, পাকিস্তান ১০৮তম, মিয়ানমার ১১৮তম, ভারত ১২৬তম ও শ্রীলঙ্কা ১২৮তম অবস্থানে রয়েছে।

সুখী দেশের তালিকায় শীর্ষ ১০ দেশ হলো যথাক্রমে-ফিনল্যান্ড, ডেনমার্ক, আইসল্যান্ড, সুইডেন, ইসরাইল, নেদারল্যান্ডস, নরওয়ে, লুক্সেমবার্গ, সুইজারল্যান্ড ও অস্ট্রেলিয়া।

